

ঢাকা ওয়াসা

- সংযুক্তিঃ ০১। প্রস্তাবিত ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তিঃ ০২। প্রস্তাবিত ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্তিঃ ০৩। সংশ্লিষ্ট কাজের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর কপি।
সংযুক্তিঃ ০৪। বর্তমান বাজার দর।
সংযুক্তিঃ ০৫। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Repair & maintenance of different Gardening power tools under SKWP কাজটির অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট -এর IRP#1 ও IRP#2 স্থাপনাদ্বয় যথাক্রমে ৯ একর ও ৬ একর অধিগ্রহণকৃত জায়গা জুড়ে বিস্তৃত। এছাড়া ৪৫ টি গভীর নলকূপ স্থাপনাসমূহ প্রায় ১.৭৫ একর অধিগ্রহণকৃত জায়গায় অবস্থিত। যেখানে প্রচুর পরিমাণ ঘাস ও ঝোপ-ঝাড় জন্মায়। যা অত্র বিভাগের ক্রয়কৃত ৪টি ফুয়েক চালিত ঘাস কাটার মেশিন ও ৫টি ফুয়েল চালিত ঝোপঝাড় কাটার মেশিন দিয়ে আউট সোর্স জনবল দিয়ে নিয়মিত কাটা ও পরিষ্কার করা হয়। বর্তমানে ০৩টি ফুয়েল চালিত লন মোয়ার মেশিন বিভিন্ন যান্ত্রিক সমস্যার কারণে নষ্ট হয়ে পড়ে আছে। যার ফলে নিয়মিত ক্লিনিং কার্যক্রম ব্যাহত হচ্ছে। উক্ত মেশিনগুলোর ভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন ও মেরামত করা হলে পুনরায় কার্যক্ষম করা যাবে।

২। সেপ্রেক্ষিতে ০৩টি ফুয়েল চালিত লন মোয়ার মেশিনের বিভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন ও মেরামত করে সচল করার জন্য বর্তমান বাজারদরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০৩) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৩৯,৫০০/- (টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০১ ও অনুচ্ছেদ ০২ এর বর্ণনানুযায়ী ফুয়েল চালিত লন মোয়ার মেশিনের বিভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন ও মেরামত করার জন্য আলোচ্য Repair & maintenance of different Gardening power tools under SKWP কাজের আওতায় সর্বমোট টাঃ ৩৯,৫০০/- (টাকা উনচল্লিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৪) অনুমোদনসহ কাজটি PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ১০০ (১) মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২১/০৮/২০২৫
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

২০/০৮/২০২৫
কাজী বিল্লাল হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

২০/০৮/২০২৫
মোঃ নাকিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

২১/০৮/২০২৫
মির্জা শোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

২০/০৮/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা